ফাতওয়া নাম্বার: ৫৭০ প্রকাশকালঃ১৩-০৭-২০২৫ ইং

অন্যের অর্থে করা হজ কি নফল হিসেবে গণ্য হয়?

প্রশ্ন:

আমার বয়স ২১ বছর। এ বছর আমি ও আমার বাবা হজে যাওয়ার ইচ্ছা করেছি। সফরের সব খরচ বাবা বহন করছেন। অনেকে বলছেন, খরচ যেহেতু আমার না তাই এ হজটি আমার ফরয হজ হিসেবে গণ্য হবে না। জানার বিষয় হলো, আমার এ হজটি কি নফল হজ হিসেবে গণ্য হবে? না, ফরয হজ?

-মুহাম্মদ তামজীদ

উত্তর:

আপনি যদি ইতিপূর্বে ফরয হজ না করে থাকেন, তাহলে এটি আপনার ফরয হজ হিসেবে গণ্য হবে। কারণ খরচ যারই হোক, কেউ যদি আগে তার ফরয হজ আদায় না করে, তাহলে প্রথম হজই তার ফরয হজ গণ্য হয়। হাঁ, যদি বদলি হজ হয়ে থাকে সেক্ষেত্রে তা যার পক্ষ থেকে করা হয় তার হজ গণ্য হবে। -মাবসুতে সারাখসী:

৪/১৫০; বাদায়েউস সানায়ে: ৩/৪০; রদ্দুল মুহতার: ২/৬০৪

فقط، والله تعالى أعلم بالصواب

আবু মুহাম্মাদ আব্দুল্লাহ আলমাহদি (উফিয়া আনহু)

০৭-০১-১৪৪৭ হি.

০৩-০৭-২০২৫ ঈ.